

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮/০৭ জুন ২০২১

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২১.১২১— খ্যাতিমান কবি ও সাহিত্যিক জনাব হাবীবুল্লাহ সিরাজী গত ২৪ মে ২০২১ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

২। জনাব হাবীবুল্লাহ সিরাজী-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮/৩১ মে ২০২১ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৮৬০৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

৩১ মে ২০২১

ঢাকা: -----

১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

খ্যাতিমান কবি ও সাহিত্যিক জনাব হাবীবুল্লাহ সিরাজী গত ২৪ মে ২০২১ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

জনাব হাবীবুল্লাহ সিরাজী ১৯৪৮ সালে ফরিদপুর জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ফরিদপুর জিলা স্কুল হতে মাধ্যমিক ও রাজেন্দ্র কলেজ হতে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে কৃতিত্বের সঙ্গে স্নাতক ডিগ্রি লাভ করেন।

বর্ণাঢ্য কর্মময় জীবনের অধিকারী জনাব হাবীবুল্লাহ সিরাজী একজন স্নামধন্য প্রকৌশলী হিসাবে দেশে ও দেশের বাইরে সৃজনশীলতার সঙ্গে তাঁর পেশাগত কর্মের মাধ্যমে সুনাম অর্জন করেন। ছাত্রজীবন থেকেই সাহিত্য চর্চার সঙ্গে সম্পৃক্ত ছিলেন তিনি। তাঁর সাহিত্য চর্চার মূল ক্ষেত্র ছিল কবিতা। এছাড়াও তিনি অনুবাদ, প্রবন্ধ ও উপন্যাস রচনা করেছেন। তাঁর প্রকাশিত কবিতার বইগুলিতে এদেশের সংগ্রামের সাথে জড়িত মানুষের গৌরবের ইতিহাস, মহান মুক্তিযুদ্ধ এবং প্রগতির অভিযাত্রার রেখা ফুটে উঠেছে। তাঁর কবিতায় শৈল্পিক সিদ্ধির পাশাপাশি রয়েছে বিষয় ভাবনার সুগভীর বৈচিত্র্য এবং এ কবিতার সহোদর হি হিছে তাঁর রচিত গল্প, যদিও প্রতিটি সাহিত্যকর্মেরই রয়েছে স্বতন্ত্র বার্তা। জনাব হাবীবুল্লাহ সিরাজী শিশু-কিশোর সাহিত্যেও স্বমহিমায় সমৃদ্ধ। নতুন প্রজন্মের চিন্তা ও চেতনায় বিশেষ প্রিয়তায় ধরা দেয় তাঁর ছড়া, কবিতা এবং এ জাতীয় শিশুতোষ রচনা।

জনাব হাবীবুল্লাহ সিরাজীর রচিত ও সম্পাদিত গ্রন্থের সংখ্যা অর্ধ শতাধিক। গ্রন্থগুলির মধ্যে- দাও বৃক্ষ দাও দিন, মোমশিল্পের ক্ষয়ক্ষতি, নোনা জলে বুনো সংসার, কানাকানি এবং কবিতায় বঙ্গবন্ধু প্রভৃতি অন্যতম। তাঁর রচিত সাহিত্যকর্মগুলি বিদেশি ভাষায়ও অনূদিত হয়েছে। তিনি ২০১৮ সালে বাংলা একাডেমির মহাপরিচালক হিসাবে নিযুক্ত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত উক্ত পদে অধিষ্ঠিত থেকে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন।

কবি হাবীবুল্লাহ সিরাজী বাংলা সাহিত্যে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ অসংখ্য পুরস্কার ও সম্মাননায় ভূষিত হয়েছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, কবিতা পরিষদ পুরস্কার, আলাওল সাহিত্য পুরস্কার, বিষ্ণু দে পুরস্কার। এ ছাড়া, সাহিত্য ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে ২০১৬ সালে রাষ্ট্রের দ্বিতীয় সর্বোচ্চ সম্মাননা ‘একুশে পদক’-এ ভূষিত করা হয়।

ব্যক্তিগত জীবনে জনাব হাবীবুল্লাহ সিরাজী ছিলেন বিনয়ী, সদালাপী, পরমতসহিষ্ণু, মুক্তচিন্তা ও অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী একজন উদারনৈতিক মানুষ। জনাব হাবীবুল্লাহ সিরাজীর মৃত্যুতে দেশের সাহিত্য অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব হাবীবুল্লাহ সিরাজীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd